অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩

ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং বিজ্ঞপ্তি নং-৪৩ তারিখ: ১৮/০৩/২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির বিষয়সমূহ:	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ।	
অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। ০১/০৪/২০২৪ তারিখের পর ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না।	১৯/০৩/২০২৪ তারিখ হতে ০১/০৪/২০২৪ তারিখ পর্যন্ত।
ভর্তির তারিখ:	১৯/০৩/২০২৪ তারিখ হতে ০১/০৪/২০২৪ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যাতিত)	
ভর্তি ফি:	ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ৩৬৬৫/- খ) বি.এসসি (অনার্স)- ৩৭৮৫/-	
ভর্তির ফি প্রদানের নিয়মাবলি:	১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com) লিংকে গিয়ে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে গ্রুপ (অনার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল সঠিকভাবে দিয়ে **Check For Admission** এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক **Submit** করে প্রিন্ট নিতে হবে। **Submit** করার পর বিকাশ/নগদ/ উপায় অ্যাপস্ এর মাধ্যমে **Pay bill Option-/ Education Fee Option**-এ চাঁদপুর সরকারি কলেজ **Select** করে **Student ID** স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর মোবাইলে ক্লাস রোল নম্বরের একটি **SMS** যাবে। উক্ত **SMS**-এ প্রাপ্ত ক্লাস রোল নম্বর ভর্তি ফরমের উপর লিখে দিতে হবে এবং ক্লাস রোল নম্বর সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। ক্লাস রোল নম্বরের ভিত্তিতে ক্লাসসহ একাডেমিক সকল কার্যক্রম পরিচালিত হবে।	

অন্যান্য নিয়মাবলি :

১। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও **eshiksabd** হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি,এস এস সি ও এইচ এস সি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তির ফি জমা দেওয়ার রশিদ সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, বিভাগে ভর্তি ফরম জমা দেওয়ার সময় সেমিনার ও শিক্ষা সফর ফি বাবদ- এককালীন (ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ১৮০০/- টাকা (খ) বি.এসসি (অনার্স)- ২৪০০/- টাকা বিভাগে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, মূল নম্বরপত্র বিভাগে জমা দিতে হবে না।

২। ১ম বর্ষ অনার্স কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭/০৩/২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স কোর্সের ক্লাস আগামী ২১/০৪/২০২৪ তারিখ রোজ রবিবার থেকে শুরু হবে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১৮/০৩/২০২৪
(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।
১৮/০৩/২০২৪

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক। সতর্কতার সঙ্গে ভর্তির কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ করা হলো।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।